মেহেরপুর বড়বাজারে আদালতের আদেশ অমান্য করে বাড়ি নির্মাণ

মেহেরপুর জেলা শহরের বড়বাজারে কাজিমদ্দীন ক্যাজাম আদালতের আদেশ অমান্য করে ভবন নির্মাণ করছেন হারুণার রশিদ ও ফারহানা আক্তারের জমি দখল করে। হারুনার রশিদ ও ফারহানাকে হুমকিও দেয়া হচ্ছে ভবন নির্মানে বাধা দেয়াতে। ফলে নিরাপত্তাহীণতায় ভুগছে তারা।

হারুণার রশিদ ও ফারহানা আক্তার গত ২৯ ডিসেম্বর ডিসেম্বর মেহেরপুর জেলা ম্যাজিষ্ট্রেট আদালতে সুবিচার চেয়ে একটি মামলা করেছেন উক্ত ক্যাজামকে আসামী করে।

মামলার আরজিতে বলা হয়েছে- গত ২৭ ডিসেম্বর মামলার আসামী ক্যাজাম বহুতল ভবন নির্মানে তাদের .০১১০ শতক জমি দখল করে খোঁড়াখুড়ি শুরু করে। হারুণার রশিদ বাধা দিতে গেলে প্রাণনাশের হুমকি প্রদান করে। যারফলে তারা আদালতে সুবিচারের জন্য দারস্থ হয়েছেন। আদালতের বিচারক অভিযোগ আমলে নিয়ে মেহেরপুর থানাকে আইন শৃঙ্খলা বজায় রাখতে নির্দেশ দিয়েছেন। মেহেরপুর থানার এএসআই (নিঃ) মোঃ শাকিল খান ওইদিনই আদালতে বিষয়টি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত কাজ বন্ধ রাখার নির্দেশ দেন। এরপরেও ভবন নির্মান কাজ চালিয়ে যাওয়াতে গত ৩ জানুয়ারি হারুনার রশিদ ও ফারহানা আক্তার বাদি হয়ে সিনিয়র সহ: জজ আাদালত মেহেরপুরে দেওয়ানী মামলা দায়ের করেন ভবন নির্মানে নিষেধাজ্ঞা চেয়ে। মামলা নং ৩/২০২২।

বিজ্ঞ আদালত বিবাদী কাজিমুদ্দিনের বিরুদ্ধে ৫ দিনের মধ্যে কারণ দর্শনো আদেশ দেন। বিবাদী নোটিশ পাবার পরেও পেশিশক্তিবলে বাদির দখলীয় সম্পত্তির.০১১০ জমি দখল নিয়ে ভবন নির্মাণ কাজ চালিয়ে যাচ্ছেন।

গাংনীর কাথুলী ইউনিয়ন কৃষকলীগের কমিটি গঠন

মেহেরপুরের গাংনীর কাথুলী ইউনিয়ন কৃষকলীগের কমিটি গঠন করা হয়েছে। মঙ্গলবার সন্ধ্যায় রামকৃষ্ণপুর ধলা মাধ্যমিক বিদ্যালয়ে ভোট গ্রহনের মধ্যে দিয়ে আংশিক কমিটি গঠন করা হয়।

সভাপতি পদে দুজন প্রার্থী হওয়ায় গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি তৌহিদুল ইসলাম,জেলা কৃষকলীগের সাংগঠনিক সম্পাদক মশিউর রহমান পলাশ ও গাংনী পৌর ছাত্রলীগের সাবেক সভাপতি ইমরান হাবিবকে নির্বাচন কমিশনার ঘোষনা করে তাদের তত্বাবধায়নে ব্যালট পেপারের মাধ্যমে গোপনে ভোট গ্রহন করা হয়।

১৬ জন ভোটারের মধ্যে সভাপতি পদে গাড়াবাড়িয়া স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক মো: রেজাউর রহমান রেজা সর্বাধিক ১০ ভোট পেয়ে বিজয়ী ও নওয়াপাড়া গ্রামের হাফিজুল ইসলাম ৬ ভোট পেয়ে পরাজিত হন। ভোট গ্রহন অনুষ্ঠান সহযোগিতা করেন ছাত্রনেতা আশিকুজ্জামান পিন্টু। এর আগে বিনাপ্রতিদ্বন্দিতায় সাধারন সম্পাদক নির্বাচিত করা হয় স্বাধীন হোসেনকে।

কাউন্সিল অনুষ্ঠানের পূর্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন সদ্য বিদায়ী কাথুলী ইউপি কৃষকলীগের আহবায়ক আব্দুল মান্নান।

প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন কৃষকলীগের জাতীয় নির্বাহী কমিটির সদস্য, জেলা কমিটির সাধারন সম্পাদক সাবেক ভিপি ও জিএস ওয়াসিম সাজ্জাদ লিখন।

আমন্ত্রিত অতিথী হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের ত্রান ও সমাজকল্যান সম্পাদক ও কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো: মিজানুর রহমান রানা, জেলা আওয়ামীলীগের কৃষি বিষয়ক সম্পাদক ফজলুল হক ফজল,কাথুলী ইউপি আওয়ামীলীগের সাধারন সম্পাদক মোজাম্মেল হক,ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন,গাংনী উপজেলা কৃষকলীগের ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক সাবেক ইউপি সদস্য তহসিন আলী।

এসময় সাবেক ছাত্রনেতা এনআই রিন্টু চৌধুরী, রিয়াজ উদ্দীন আহমেদ,ইউপি সদস্য আবু হানিফ, সাবেক ইউপি সদস্য আবুল কালাম,কাথুলী ইউপি যুবলীগের সাধারন সম্পাদক সুজন, কাথুলী ইউপি ছাত্রলীগের সাবেক সভাপতি মানিক হোসেন, বর্তমান সভাপতি জামিল হোসেন সহ বিভিন্ন পর্যায়ের আওয়ামীলীগ, কৃষকলীগ,যুব ও ছাত্রলীগ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সম্পূর্ণ গণতান্ত্রিক প্রক্রিয়ায় কাথুলী ইউনিয়ন আওয়ামী কৃষকলীগের কমিটি গঠিত হয় সকলকে অভিনন্দন জানান বক্তারা।

মেহেরপুরে উগ্রবাদ প্রতিরোধে ছাত্রসমাজ, গণমাধ্যম কর্মী ও সুশীল সমাজের ভূমিকা শীর্ষক সেমিনার

মেহেরপুরে উগ্রবাদ প্রতিরোধে ছাত্রসমাজ, গণমাধ্যম কর্মী ও সুশীল সমাজের ভূমিকা শীর্ষক দিনব্যাপী সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে মেহেরপুর পুলিশ লাইনস চত্বরে এই সেমিনার অনুষ্ঠিত হয়।

পুলিশ সুপার মোঃ রাফিউল আলম এর সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক শফিউল ইসলাম সরদার, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি অধ্যাপক হাসানুজ্জামান মালেক, জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন, মেহেরপুর যুব উন্নয়নের উপপরিচালক ও পল্লী বিদ্যুতের জিএম।

সেমিনারে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন, পুলিশ সুপার (পুলিশ হেড কোয়ার্টার) এসএম নাজমুল হক (বিপিএমবার পিপিএম)। এসময় তিনি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টটেশনের মাধ্যমে উপরোক্ত সেমিনারের

বিভিন্ন দিক আলোচনা করেন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোযাম্মেল আজম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফারুক হোসেন, সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু, ছহিউদ্দিন কলেজের অধ্যক্ষ একরামুল আযিম,মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সরকারি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষকসহ বিভিন্ন কলেজের ১৮০জন শিক্ষার্থী সেমিনারে অংশগ্রহণ করেন।

বাংলাদেশ পুলিশের সন্ত্রাস দমন ও আন্তর্জাতিক অপরাধ প্রতিরোধ কেন্দ্র নির্মাণ প্রকল্প ও মেহেরপুর জেলা পুলিশের যৌথ উদ্যোগে এটি অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে প্রতি সন্ধ্যায় জমে উঠে স্ট্রিট ফুডের ব্যবসা

মেহেরপুরে দিন দিন বেঙেন চলেছে স্ট্রিট ফুডের চাহিদা। মেহেরপুর শহরের পৌরসভার সামনে, বাসসন্ট্যান্ড, কোর্টমোড় সহ কয়েকটি স্থানে ফুটপাথে গড়ে উঠেছে বেশ কিছু স্ট্রিট ফুডের দোকান।

স্ট্রিট ফুড বা রাস্তার খাবার হিসেবে একদিকে সুস্বাদু, সহজলভ্য ও সস্তা হওয়ার কারণে ব্যাপক চাহিদা বেড়েছে এসব খাবারের। সন্ধ্যা থেকে রাত পর্যন্ত এইসব স্ট্রীটফুডের দোকান গুলোতে লেগে থাকে উপচে পড়া ভিড়।

খেতে সুস্বাদু ও সস্তা হওয়াই সব শ্রেণী পেশার মানুষই খায় এই স্ট্রিট ফুডগুলো। স্ট্রিট ফুড গুলো খাওয়ার জন্য দীর্ঘ লাইনে দাঁড়িয়ে থাকে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

সরেজমিনে মেহেরপুর শহরের পৌরসভার সামনে স্ট্রিট ফুড দোকান গুলো ঘুরে দেখা যায়, বিভিন্ন শ্রেণি-পেশার, বিভিন্ন বয়সের মানুষ এসকল স্ট্রিট ফুডের দোকানগুলো খাবারের জন্য যায়। সহজলভ্য ও

সুস্বাদু খাবার গুলোর মধ্যে হাতে তৈরি কলাই রুটি, বার্গার, চিকেন ফ্রাই, নুডুলস, ফুচকা, চটপটিসহ আরো অনেক কিছু।

কলাই রুটি খেতে আসা রফিকুল ইসলাম বলেন, আমার এই কলা রুটি খেতে খুবই ভালো লাগে, প্রতিদিনই আমার এই রুটি খেতে ইচ্ছা করে ,কিন্তু সিরিয়াল পাওয়া যায় না। মানুষের এত চাহিদা যে এসেও আধা ঘণ্টা দাঁড়িয়ে থাকতে হয়। তাও দাঁড়িয়ে থেকে এক পিস রুটি নিয়ে আমি খাই।

স্ট্রিট ফুড

কলাই রুটি ব্যবসায়ী বলেন, আমি দীর্ঘ পাঁচ বছর ধরে এখানে রুটি তৈরি করে বিক্রি করি। আমাদের এখানে অনেক চাহিদা। অনেক মানুষই এখানে নিয়মিত খেতে আসে আর আমাদের বেচাকেনাও অনেক ভালো হয়।

স্ট্রিট ফুড দোকানদার মো: আশিকুল ইসলাম বলেন, পৌরসভার সামনে আমি তিন মাস ব্যবসা করছি। আমাদের চাহিদা অফুরন্ত,আমরা কাস্টমারদের খাবার দিয়ে কুলিয়ে উঠতে পারি না। আমরা এখানে দুই ধরনের আইটেম থাকে চিকেন চিজ বার্গার ও চিকেন ফ্রাই। আমাদের চিকেন বার্গার মাত্র ৫০ টাকা চিকেন ফ্রাই ৩০ টাকা তাই এসব সহজ মূল্যের খাবার খেতে অনেকেই ভির করে।

আরেক স্ট্রিট ফুড দোকানদার বলেন, আমি এখানে হালিম, নুডুলস, ফুসকা ও চটপটি বিক্রি করি। ক্রেতাদেও চাহিদামত মানসম্মত খাবার সরবরাহ করার চেষ্টা করি। আজ একশো প্লেট নুডুলস রানা করেছিলাম মাত্র ৩০ প্লেট বাকি রয়েছে, এগুলোও বিক্রি হয়ে যাবে। বলা যায় প্রচুর মানুষ এখানে খেতে আসে।

জীবননগরে জেলা প্রশাসক নজরুল

ইসলামকে বিদায় সংবর্ধনা

চুয়াডাঙ্গা জেলার বিদায়ী জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকারকে বিদায় সংবধনা প্রদান করা হয়েছে।

মঙ্গলবার বিকাল সাড়ে ৪টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সভা কক্ষে এ বিদায় সংবর্ধনা প্রদান করা হয়।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার আরিফুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার বিদায়ী জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

এ সময় জেলা প্রশাসক বলেন, চুয়াডাঙ্গা জেলায় কাজ করা অবস্থায় আমি আমার নিজ জেলা মনে করে কাজ করছি। যতটুকু পেরেছি মানুষকে সেবা দেওয়ার চেষ্ঠা করেছি। এ জেলার মানুষের ভালোবাসায় আমি মুগ্ধ।এ জেলার মানুষের কথা আমিও কখনও ভুলবো না।

এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, জীবননগর পৌর সভার মেয়র রফিকুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম আর বাবু, সাধারন সম্পাদক কাজী শামসুল রহমান চঞ্জল, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খান, উথলী ইউপি চেয়ারম্যান আবুল কালাম, হাসাদহ ইউপি চেয়ারম্যান রবিউল ইসলাম বিশ্বাস, বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, সেচ্ছাসেবী সংগঠন বন্ধু ফাউন্ডেশন ও ইয়ুথ এ্যাসেম্বলীর সভাপতি মিঠুন মাহমুদ, সহ-সভাপতি মফিজুল ইসলাম, সাংগাঠনিক সম্পাদক তুহিনসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী, জনপ্রতিনিধি এবং বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

জীবননগরে ট্রেনে কাটা পড়ে কিশোরের মৃত্যু

জীবননগরে ট্রেনে কেটে নাজির হোসেন (১৬) নামের এক কিশোরের মৃত্যু হয়েছে।

মঙ্গলবার বেলা সোয়া ১২ টার সময় জীবননগর উপজেলার আন্দুলবাড়িয়া ইউনিয়নের বাজদিয়া গ্রামের কুবরেগাড়ী নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

নিহত নাজির হোসেন বাজদিয়া গ্রামের দক্ষিণ পাড়ার আনোয়ার হোসেনের ছেলে। সে পেশায় একজন ইট ভাটার শ্রমিক ছিলেন। প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, নাজির হোসেন মঙ্গলবার বেলা সোয়া ১২ টার সময় খান ইট থেকে কাজ শেষে বাড়ি ফিরছিলেন।সে কুবরেগাড়ী লাইন পাড়া নামক স্থানে রেললাইনের উপর দাড়িয়ে থাকা অবস্থায় খুলনা হতে ঢাকা গামী আন্তঃনগর চিত্রা এক্সপ্রেস তাকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই নাজির হোসেনের মৃত্যু হয়।

পরে স্থানীয়দের সহযোগীতায় ওই কিশোরের মরদেহের চারটি খন্ড বস্তায় করে বাড়িতে নেয়া হয়। স্থানীয় ইউপি সদস্য জহিরুল হক বলেন, কিশোর নাজির হোসেন মানষিক ভারসাম্যহীন ছিল বলে তার পরিবার সুত্রে জানতে পেরেছি।সে হয়ত রেললাইন পার হওয়ার সময় অসাবধানতায় ট্রেনের নিচে পড়লে ঘটনাস্থলে তার মৃত্যু হয়। এ সময় তার শরীর চারখন্ড হয়ে যায়। পরে এলাকার কিছু শ্রমিক বস্তায় করে তার মরদেহ বাড়িতে নিয়ে আসে।

জীবননগর থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আব্দুল খালেক বলেন, বিষয়টি শোনার পর ঘটনাস্থলে পুলিশ পাঠিয়ে ছিলাম এবং রেল পুলিশকে জানানো হয়। এদিকে কিশোর নাজির হোসেনের মৃত্যুতে নিহতর পরিবার সহ গোটা এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

[redacted] : [redacted]

[redacted]

স্থানে সর্বপ্রকার সামাজিক, রাজনৈতিক, ধর্মীয় অনুষ্ঠান এবং সমাবেশসমূহ পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত বন্ধ রাখতে বলা হয়েছে।

বিদেশযাত্রায় নির্দেশনা: বিদেশ থেকে আগত যাত্রীসহ সবাইকে বাধ্যতামূলক কভিড-১৯ টিকা সনদ প্রদর্শন ও Rapid Antigen Test করতে হবে। বিদেশগামীদের সঙ্গে আসা দর্শার্থীদের বিমানবন্দরে প্রবেশ বন্ধ করতে হবে।

স্থলবন্দর, সমুদ্রবন্দর, বিমানবন্দরসমূহে স্ক্রিনিংয়ের সংখ্যা বাড়বে। পোর্টসমূহে ক্রুদের জাহাজের বাইরে আসার ক্ষেত্রে নিষেধাজ্ঞা প্রদান করতে হবে। স্থলবন্দরগুলোতেও আগত ট্রাকের সাথে শুধুমাত্র ড্রাইভার থাকতে পারবেন। কোনো সহকারী আসতে পারবেন না।

ইমামদের প্রতি আহ্বান: স্বাস্থ্যবিধি প্রতিপালন এবং মাস্ক পরিধানের বিষয়ে সকল মসজিদে জুমার নামাজের খুতবায় ইমামগণ সংশ্লিষ্টদের সচেতন করার আহ্বান জানানো হয়েছে। জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণকে এ বিষয়টি নিশ্চিত করার জন্য বলা হয়েছে।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় আহত শিক্ষার্থীর ক্ষতিপুরণ ও বিচারের দাবিতে সড়ক অবরোধ

মেহেরপুরের গাংনীতে সড়ক দুর্ঘটনায় আহত স্কুল ছাত্র বিজয়ের ক্ষতিপুরণ ও অভিযুক্তের বিচারের দাবিতে সড়ক অবরোধ ও বিক্ষোভ করেছে শিক্ষার্থীরা।

মঙ্গলবার দুপুরে উপজেলার রাইপুর বাজারে রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা এ কর্মসূচি পালন করে। ঘন্টাব্যাপী সড়ক অবরোধ করায় গাংনী ও হাটবোয়ালীয়া সড়কের সকল যানবাহন বন্ধ হয়ে পড়ে।

দ্রত সমাধানের চেষ্টা করার ব্যবস্থা করবো।

মেহেরপুরের ১০টি হারানো মোবাইল উদ্ধার করে মালিকদের হাতে তুলে দিেলো পুলিশ

তথ্য প্রযুক্তির সহায়তায় সনাক্ত করে মেহেরপুরের বিভিন্ন স্থান থেকে হারিয়ে যাওয়া ১০টি মোবাইল ফোন উদ্ধার করে প্রকৃত মালিকদের কাছে বুঝিয়ে দিলো মেহেরপুর পুলিশ।

আজ মঙ্গলবার দুপুরে পুলিশ সুপারের কার্যালয়ে মোবাইল ফোন মালিকদের হাতে মোবাইল গুলো তুলে দেন পুলিশ সুপার মো: রাফিউল আলম।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম সেখানে উপস্থিত ছিলেন। মোবাইল গুলো ফেরত পেয়ে মোবাইলের মালিক জেলা পুলিশ ধন্যাবাদ জানিয়েছে।

মুজিবনগরে স্কুল পর্যায়ে শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার প্রস্তুতি সভা অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে ৫০তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা- ২০২২এর প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল ১১ টার সময় মুজিবনগর উপজেলা পরিষদ মিলনায়তনে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি জিয়া উদ্দিন বিশ্বাসের সভাপতিত্বে প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা শিক্ষা অফিসার মামুনুর রশিদ, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন কবির, মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলামসহ উপজেলার স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকবৃন্দ।

প্রস্তুতি সভায় সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১৭ই জানুয়ারি থেকে ২০ই জনুয়ারি প্রর্যন্ত চার দিনব্যাপী বিভিন্ন ক্যাটাগরিতে উপজেলার ২১টি স্কুল-মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।